



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সচিবালয়, ওয়াপদা ভবন (৩য় তলা), ঢাকা।

স্মারক নং বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/১৬১

তারিখ : ৩০-০৭-২০১৯ খ্রিঃ


দপ্তরাদেশ

ফেনী পওর সার্কেলের আওতায় নোয়াখালী পওর বিভাগের অধীনে বাস্তবায়নাধীন “নোয়াখালী এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কারিগরী কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

ক্রঃ নং	নাম / পদবী ও দপ্তর	কমিটিতে পদ
১।	প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।	সদস্য
৩।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।	সদস্য-সচিব
৪।	নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পওর বিভাগ, বাপাউবো, নোয়াখালী।	সদস্য
৫।	জনাব এ এইচ মনজুর মোর্শেদ উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা-এর দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৬।	জনাব মোঃ আকবর হোসেন সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য

কমিটির কার্যপরিধি :

- সরজমিনে প্রকল্প সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়সমূহ কার্যক্রমের যথার্থতা নিরূপণ ;
 - প্রকল্পটির নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন কাজ বাস্তবায়নে মাঠ পর্যায়ের পরিবর্তিত পরিস্থিতিতে অনুমোদিত নকশা বহির্ভূত অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ সংশ্লিষ্ট নদী/ খালের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan -এ প্রদর্শন পূর্বক ডিপিপি সংশোধনের যথার্থতা নিরূপনসহ সুপারিশমালা প্রণয়ন ;
 - প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরূপণ ;
 - বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য/ উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত অঙ্গসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধি সহ সংযোজিত বিভিন্ন দফা সমূহের যথার্থতা নিরূপন করে প্রাক্কলন প্রস্তুত/ যাচাই এবং অনুমোদিত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন ;
 - প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করে বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন ;
 - প্রকল্প বাস্তবায়নে মাঠ পর্যায়ের সমস্যাাদি চিহ্নিতকরণ ও সমাধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন আদেশ জারীর ১৫(পনের) দিনের মধ্যে (তিন প্রস্থে) এবং **Soft Copy e-mail: adgpl.bwdb@gmail.com** অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা মহোদয় বরাবর দাখিল করবেন।
- ৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(আব্দুল হোসেন)
সচিব
বাপাউবো, ঢাকা।


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

স্মারক নং বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/১৬১/১(১২)

তারিখ : ৩০-০৭-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ১। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা ও কমিটির আহ্বায়ক।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৩। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা ও কমিটির সদস্য।
- ৪। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী ও কমিটির সদস্য-সচিব।
- ৬। যুগ্ম প্রধান, যুগ্মপ্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৮। নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পওর বিভাগ, বাপাউবো, নোয়াখালী ও কমিটির সদস্য।
- ৯। জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা-এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
- ১০। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
- ১১-১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।


(প্রনয় কুমার প্রামানিক)
উপ-সচিব (পরিকল্পনা)(অঃদাঃ)
বাপাউবো, ঢাকা।